দৈনিক সংবাদ

তারিখ ... MAR. 6 1999

পৃষ্ঠা ৭ কলাম ৬

## পূর্বধলা ব্র্যাক-এর শিক্ষা কার্যক্রম সমাপ্ত

# নয় মাসে ১৩৫০ পুরুষ ও নারীর সাক্ষরতা অর্জন

শ্যামগঞ্জ (নেত্রকোনা) থেকে সংবাদদাতা ঃ সরকারের গণশিক্ষা কর্মসূচির আওতায় নেত্রকোনা জেলাধীন পূর্বধলা থানায় ব্র্যাক পরিচালিত বয়স্ক শিক্ষা কার্যক্রমের প্রথম দফা সফলভাবে সমাপ্ত রয়েছে। গত বছরের মে মাস থেকে একই বছরের ডিসেম্বর পর্যন্ত ৯ মাসব্যাপী এই কর্মসূচি পরিচালিত হয়। এর আওতায় পূর্বধলা থানায় ব্র্যাকের অধীনে ৪৩টি শিক্ষা কেন্দ্রে ১৩৫০ জন নিরক্ষর পুরুষ ও মহিলা অক্ষর জ্ঞান লাভ করেন। এর মধ্যে ৩৬টি মহিলা শিক্ষা কেন্দ্রে ১,০৮০ জন বয়স্ক মহিলা ও ৯টি পুরুষ শিক্ষা কেন্দ্রে ২৭০ জন পুরুষ শিক্ষার্থী ছিলেন। ব্র্যাক-এর টিম ইনচার্জ মাখন বড়াল জানান, উল্লিখিত অক্ষরজ্ঞান লাভকারী পুরুষ-মহিলাদের মধ্যে চলতি বছরের এপ্রিল পর্যন্ত আরো তিন মাস সাক্ষরতা-উত্তর কার্যক্রম চলবে। এ সময়ে সপ্তাহে ২ দিন পাঠাগার পদ্ধতিতে (কেন্দ্রে বসে অথবা বাড়িতে নিয়ে) শিক্ষার্থীরা নব্য-সাক্ষরদের জন্য সহজ ভাষায় লেখা ৩০টি বই পড়াশোনা করবে। এছাড়া তাদের পত্রিকা পড়ারও সুযোগ থাকবে। উক্ত ব্র্যাক কর্মী আরো জানান, খুব শিগগিরই ২য় দফায় ১৫টি বয়স্ক শিক্ষা কেন্দ্র খোলা হচ্ছে। এর মধ্যে ১১টি মহিলা ও ৪টি পুরুষ কেন্দ্র থাকবে। জরিপ কাজ ইতোমধ্যেই শেষ হয়েছে। এই ১৫টি শিক্ষা কেন্দ্রে ৪৫০ জন নিরক্ষর বয়স্ক পুরুষ ও মহিলা সাক্ষর হবার সুযোগ পাবেন।